# কুয়েতে দুটি মার্কিন সামরিক ঘাঁটিতে হামলার দাবি ইরানের



ছবি: সংগৃহীত

কুয়েতে অবস্থিত যুক্তরাষ্ট্রের দুটি সামরিক স্থাপনায় ড্রোন হামলা চালানোর দাবি করেছে ইরান। রোববার (১৯ জুলাই) দেশটির রাষ্ট্রীয় সম্প্রচারমাধ্যম আইআরআইবি এ তথ্য জানিয়েছে।

প্রতিবেদনে বলা হয়, হামলার লক্ষ্য ছিল কুয়েতের ক্যাম্প আল-আদির সামরিক ঘাঁটির একটি গোলাবারুদ সংরক্ষণাগার এবং আলি আল-সালেম বিমানঘাঁটিতে মোতায়েন থাকা প্যাট্রিয়ট ক্ষেপণাস্ত্র প্রতিরক্ষা ব্যবস্থা ও বিমান প্রতিরক্ষা রাডার।

এদিকে গত প্রায় এক সপ্তাহ ধরে ইরানের বিভিন্ন সামরিক ও কৌশলগত স্থাপনায় যুক্তরাষ্ট্র ধারাবাহিক বিমান হামলা চালিয়ে যাচ্ছে। এর পাল্টা প্রতিক্রিয়ায় তেহরান মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে থাকা যুক্তরাষ্ট্রের ব্যবহৃত সামরিক ঘাঁটি ও স্থাপনাগুলোকে লক্ষ্য করে হামলা চালানোর দাবি করছে, যার মধ্যে কুয়েতও রয়েছে।

উল্লেখ্য, গত জুনে পাকিস্তানের মধ্যস্থতায় যুদ্ধবিরতি ও দীর্ঘমেয়াদি শান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে একটি সমঝোতা স্মারক (এমওইউ) স্বাক্ষরিত হয়েছিল। তবে সেই সমঝোতার পরও ওয়াশিংটন ও তেহরানের মধ্যে সামরিক উত্তেজনা অব্যাহত রয়েছে এবং সাম্প্রতিক সময়ে তা আরও বৃদ্ধি পেয়েছে।